

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৯৫৯

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - যুদ্ধাভিযানে হত্যার বর্ণনা

আরবী

عَنْ ثَوْبَانَ بْنِ يَزِيدَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَصَبَ الْمَنْجَنِيقَ عَلَى أَهْلِ الطائف. رَوَاهُ التِّرْمِذِيِّ مُرْسلا

বাংলা

৩৯৫৯-[২৩-] সাওবান ইবনু ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ত্বায়িফবাসীদের ওপর আক্রমণকালে মিনজানীক (কামান) স্থাপন করেছেন। (তিরমিয়ী মুরসালরূপে বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] মাওযূ': তিরমিয়ী ২৭৬২। কারণ এর সনদে 'উমার বিন হারূন একজন মাতরূক রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْمِنْجَنِيْق) এমন এক যন্ত্র যার মাধ্যমে পাথর নিক্ষেপ করা হয়। (الْمِنْجَنِيْق) অর্থাৎ- উপত্যকায় অবস্থিত সাকীফ গোত্রের শহর যার সর্বপ্রথম শহর লুকায়ম, শেষ শহর রাহত। একে ত্বায়িফ নামকরণ করার কারণ হলো এ এলাকাটি নূহ (আঃ)-এর প্লাবনে পানির উপর ভেসে ছিল। অথবা জিবরীল (আঃ) একে সহ বায়তুল্লাহ ত্বওয়াফ করেছেন অথবা এটা শামদেশে (সিরিয়ায়) ছিল। অতঃপর ইবরাহীম (আঃ)-এর দু'আতে আল্লাহ তা'আলা হিজাযে স্থানান্তর করেন। কামূস-এ এভাবেই আছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন